

৬৪

জগন্নাথপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়

## ৪৮০ ছাত্রী, শিক্ষক মাত্র ৬ জন শিক্ষাদান মুখ খুবড়ে পড়েছে

জগন্নাথপুর (সুনামগঞ্জ) থানা প্রতিনিধি।- সীমাহীন সমস্যা, সংকট ও নানা অনিয়মের কবলে পড়ে জগন্নাথপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় অচলাবস্থা দেখা দিয়েছে। শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে মারাত্মকভাবে।

জগন্নাথপুর থানা সদর এলাকায় অবস্থিত জগন্নাথপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়টিতে দীর্ঘদিন যাবৎ শিক্ষক সংকটের কারণে ছাত্রছাত্রীদের স্বাভাবিক লেখাপড়ার ক্ষেত্রে বিয়ের কারণ ঘটছে।

১৯৭৯ সালে স্থাপিত বিদ্যালয়টি বিগত ১৯৮৬ সালে সরকারিকরণ করা হয়। বর্তমানে বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রী সংখ্যা ৪৮০ জন। এদের শিক্ষাদানে নিয়োজিত রয়েছেন মাত্র ৬ জন শিক্ষক। এছাড়া রয়েছেন অফিস সহকারী ১ জন, আয়া ১ জন, পিয়ন ১ জন। বিদ্যালয়ে শূন্য পদের সংখ্যা নিম্নরূপ সহকারী প্রধান শিক্ষকসহ ২৪ জন। নৈশপ্রহরী পদেও কোনো লোক নেই।

শিক্ষক স্বল্পতার কারণে শিক্ষকরা পাঠদান কার্যক্রম চালাতে পারছেন না। ফলে প্রতিহতবাহী বিদ্যালয়টির শিক্ষার মান দিনদিন অধোগতির দিকে। এদিকে বিদ্যালয়ে বদলি হয়ে আসা নতুন শিক্ষক যোগদান করলেও কিছুদিন থাকার পর চলে যান। এর মূলে এই স্কুলেরই একজন শিক্ষক। উল্লিখিত শিক্ষকের নেতৃত্বে না চলে নতুন নবাগত শিক্ষকদের বিরুদ্ধে নানা অপবাদ ছড়ানো হয়। ফলে নতুন যোগদানকারী শিক্ষকরা বদলি হয়ে অন্যত্র চলে যেতে বাধ্য হন। তাছাড়া, বিদ্যালয়ে আসবাবপত্রের তীব্র সংকট রয়েছে। খেলার মাঠ না থাকায় খেলাধুলো থেকে ছাত্রীরা বঞ্চিত রয়েছে। শ্রেণীকক্ষের বারান্দায় শরীর চর্চার কাজ চালানো হয়।

এদিকে ১৯৯৮ সালে এসএসসি পরীক্ষায় মানবিক ও বিজ্ঞান বিভাগে মোট ৭৮ জন ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে মানবিক বিভাগে ১৪ জন ছাত্রী কৃতকার্য হয়। এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর এলাকাবাসী বিদ্যালয়ের লেখাপড়ার মান কমে যাওয়ার ক্ষোভ প্রকাশ করেছেন।